

২০১৫

বাংলা—সাম্মানিক

চতুর্থ পত্র

পূর্ণমান - ১০০

প্রাপ্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক
উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়

উত্তরের শব্দসংখ্যা নতুন পাঠক্রম অনুসারে মান্য করতে হবে

১। (ক) ঐতিহাসিক নাটকের সংজ্ঞা ও বৈশিষ্ট্য উল্লেখ করো। একটি বাংলা ঐতিহাসিক নাটকের পরিচয় দাও।

৬+৯

অথবা

(খ) যে-কোনো দুটি বিষয় সম্পর্কে আলোচনা করো :

৭½ + ৭½

(অ) ট্রাজেডির নায়ক

(আ) কমিডি

(ই) পৌরাণিক নাটক

(ঈ) একাক্ষ নাটক।

২। (ক) বেলগাছিয়া নাট্যশালার সংক্ষিপ্ত পরিচয় দাও। বাংলা রঙ্গমঞ্চের ইতিহাসে এর গুরুত্ব নির্ণয় করো।

৮+৭

অথবা

(খ) যে-কোনো দুটি বিষয় সম্পর্কে আলোচনা করো :

৭½ + ৭½

(অ) লেবেদফ ও বেঙ্গলি থিয়েটার

(আ) নাট্য-নিয়ন্ত্রণ বিল

(ই) বাগবাজার অ্যামেচার থিয়েটার

(ঈ) ন্যাশনাল থিয়েটার (দ্বিতীয় পর্ব)।

৩। (ক) ‘একেই কি বলে সভ্যতা’ প্রহসনটিতে সমকাল কীভাবে চিত্রিত হয়েছে তা দেখাও।

১০

অথবা

(খ) ‘একেই কি বলে সভ্যতা’ অনুসরণে নবকুমার চরিত্রটি আলোচনা করো।

১০

৪। (ক) ‘বুড় সালিকের ঘাড়ে রৌ’-এর বিষয়বস্তু ও চরিত্রগুলির আলোকে প্রহসন হিসেবে রচনাটির সার্থকতা বিচার করো।

১০

অথবা

(খ) ‘বুড় সালিকের ঘাড়ে রৌ’ প্রহসনে সংলাপ প্রয়োগের বিশিষ্টতা আলোচনা করো।

১০

[Turn Over]

৫। (ক) ধনঞ্জয় চরিত্রের নাট্যোপযোগিতা বিচার করো। ১৫

অথবা

(খ) ‘মুক্তধারা’য় ব্যবহৃত সংগীত নাটকটির পক্ষে কতদূর প্রয়োজনীয় বলে তুমি মনে করো? ১৫

৬। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও :

(ক) ‘যুবরাজকে শিবতরাইয়ে পাঠাবার ইচ্ছে আমার একেবারেই ছিল না।’
— কে, কাকে একথা বলেছেন? ‘যুবরাজ’ কে? কেন তাঁকে পাঠাবার ইচ্ছা বক্তার ছিল না? ১+১+১+২

(খ) ‘আমার অন্তরের কথা আছে ওই মুক্তধারার মধ্যে’। — কে, কাকে, কখন কথাটা বলেছে? কথাটার অর্থ কী? ১+১+১+২

(গ) ‘যা তোমার নয় তা তোমাকে দিতে পারব না।’
— বক্তা কে? কোন্ প্রসঙ্গে একথা বলা হয়েছে? কাকে বলা হয়েছে? কাদের হয়ে কথাটা বলা হয়েছে? ১+২+১+১

(ঘ) ‘বিভূতি তার কীর্তিটাকে এমন করে গড়ল কেন ভাই?’ — বিভূতি কে? তার কোন্ কীর্তির কথা এখানে বলা হয়েছে? বক্তা কে? উক্তিটির মধ্যে দিয়ে বক্তার কোন্ মনোভাব প্রকাশ পেয়েছে? ২+১+১+১

৭। (ক) বিষয়বস্তুর বিচারে ‘টিনের তলোয়ার’- কে কোন্ ধরনের নাটক বলা সম্ভব তা আলোচনা করো। ১৫

অথবা

(খ) ‘টিনের তলোয়ার’ নাটকে ময়না চরিত্রের উপযোগিতা বিচার করো। ১৫

৮। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও :

(ক) ‘তার চেয়ে বাঈজীর খ্যামটা ভালো।’
— বক্তা কে? কোন্ প্রসঙ্গে সে একথা বলেছে? ১+৪

(খ) ‘ক’টা গরীবকে চেনো বাবু? কথায় কথায় যে ইঞ্জিরি ঝাড়া, দেশের মানুষ বোঝে।’
— কে, কাকে, কোন্ প্রসঙ্গে বলেছে? কোন্ ধরনের মানুষের প্রতি ইঙ্গিত করা হয়েছে? ১+১+১+২

(গ) ‘আমি বাবু নই। এই পোষাকগুলো রয়ে গেছে, ছাড়তে পারছি না।’
— একথা কে, কাকে বলেছে? উক্তিটির তাৎপর্য লেখো। ১+১+৩

(ঘ) ‘সেখানে ময়নার সতীত্ব বিক্রি হবে।’
— কে, কাকে একথা বলেছে? কার উদ্দেশ্যে বলেছে? একথা বলার কারণ কী? ১+১+১+২